খুলনার ডুমুরিয়ায় শিক্ষার্থিদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

খুলনার ডুমুরিয়া উপজেলার আরাজি ডুমুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থিদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করেছেন স্থানীয় ব্যবসায়ি মোঃ শাহজাহান জমাদ্দার। শনিবার সকালে একশ’ জন শিশু শিক্ষার্থির মাঝে এ উপকরণ বিতরণ করা হয়।
এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শারমিনা পারভীন রুমা, আরাজি ডুমুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শেখ হায়দার আলী, প্রধান শিক্ষিকা রাজিয়া সুলতানা, সহকারি শিক্ষক মুর্শিদা পারভীন, শেখ আবুল হোসেন, সুফিয়া পারভীন প্রমুখ।
এছাড়া শিক্ষার্থি ও এলাকাবাসির যাতায়াত সুবিধার্তে আরাজি ডুমুরিয়া মির্জাপুর সড়কের মোড়লবাড়ি এলাকার ধসে যাওয়া অংশ নিজ অর্থায়নে সংস্কার করে দিয়েছেন তিনি।